পরিবর্তনের সারসংক্ষেপ

এই প্রবিধান পোস্ট করার তারিখ থেকে কার্যকরী হবে এবং এটি ২৪ মার্চ, ২০১০ তারিখের চ্যান্সেলরের প্রবিধান D-140 –কে হালনাগাদ এবং রদ করে।

পরিবর্তনসমূহ:

- নিচে উল্লিখিত পরিবর্তনসমূহ আনা হয়েছে কম্যুনিটি এডুকেশন কাউন্সিল ("সিইসি") নির্বাচনে আগ্রহী মনোনয়ন প্রার্থীদের যোগ্যতার শর্তে: মনোনয়ন প্রার্থীগণকে অবশ্যই তারা যে সিইসিতে পরিষেবা দিতে ইচ্ছুক সেই কম্যুনিটি স্কুল ডিস্ট্রিক্টের অধীনে কোন স্কুলে অধ্যায়নরত কিন্ডারগার্টেন থেকে ৮ গ্রেডের শিক্ষার্থীদের পিতামাতা হতে হবে। যোগ্যতা ঐ তারিখ থেকে নির্ধারিত হবে যেদিন তিনি সিইসি পদের জন্য প্রতিযোগিতা করতে আবেদনপত্র দাখিল করবেন। আবেদনের সময়ে যোগ্য পিতামাতা, যদি যথাযোগ্য প্রক্রিয়ায় নির্বাচিত হন, তাহলে তিনি সিইসি-তে পূর্ণ দুই বছর মেয়াদে কাজ করার জন্য অনুমোদন পাবেন এমনকি তার সন্তান ৮ গ্রেড থেকে গ্রাজুয়েট হয়ে বের হয়ে গেলেও এবং/অথবা পিতামাতার কাজের মেয়াদে ঐ কম্যুনিটি স্কুল ডিস্ট্রিক্টের অধীনস্থ স্কুল ত্যাগ করলেও। (পৃষ্ঠা 1, সেকশন I.A.1 দেখুন)।
- স্বার্থের সংঘাতের ধারা সম্প্রসারিত করা হয়েছে যাতে সাধারণ সংঘাতের বিষয়গুলো প্রয়োগ করা যায় (শুধুমাত্র অর্থ সংক্রান্ত সংঘাতের বিপরীতে)। (পৃষ্ঠা 1, সেকশন I.A.3.c দেখুন)
- মনোনয়ন প্রার্থীগণ এখন একাধিক কম্যুনিটি এবং/অথবা সিটিওয়াইড এডুকেশন কাউন্সিলে আবেদন করতে পারেন। যদিও একাধিক আবেদনের সুযোগ আছে, কিন্তু একজন পিতামাতা একটি কাউন্সিলের অধিক জায়গায় পরিষেবা দিতে পারবেন না। আবেদনের সময়, যেসকল মনোনয়ন প্রার্থী একাধিক কাউন্সিলে আবেদন করেছেন তাদেরকে পরিষেবাদানের জন্য কাউন্সিলগুলোকে অগ্রাধিকারের ভিত্তিতে তালিকাভুক্ত করতে হবে। যেসকল মনোনয়ন প্রার্থী একাধিক কাউন্সিলে পরিষেবাদানের জন্য শর্ত সাপেক্ষে নির্বাচিত হয়েছেন, তিনি ঐ কাউন্সিলটিতেই বসবেন যেটিকে তিনি সর্বোচ্চ অগ্রাধিকার দিয়েছেন। (পৃষ্ঠা 2, সেকশন II.A দেখুন)
- মনোনয়ন প্রার্থীদের এখন তাদের আবেদনপত্রে যে কম্যুনিটি স্কুল ডিস্ট্রিক্টের অধীনস্থ স্কুলে বর্তমানে তাদের সন্তানেরা পড়ছে সেই স্কুল সম্পর্কিত তথ্য লিপিবদ্ধ করতে হবে। একজন মনোনয়ন প্রার্থীকে ঐ স্কুলের প্রতিনিধি বিবেচনা করা হবে। মনোনয়ন প্রার্থী যে স্কুলের প্রতিনিধি সেই স্কুল সম্পর্কিত তথ্য প্রদানে ব্যর্থ হলে চ্যান্সেলরের ক্ষমতা অনুযায়ী তাকে অযোগ্য বিবেচিত করার কারণও হতে পারে। (পৃষ্ঠা 2, সেকশন II.B দেখুন)
- ব্যক্তিক শিক্ষা কর্মসূচিযুক্ত ("আইইপি") কোন শিক্ষার্থীর পিতামাতা আইনিভাবে সংরক্ষিত আসনে আসীন এমন সিইসি-র আসন পূরণে মনোনয়ন প্রার্থীরা আগ্রহী হলে, তাদের অবশ্যই আবেদনপত্রে উল্লেখ করতে হবে যে তারা তাদের আইইপি পিতামাতা যোগ্যতা সম্পর্কিত তথ্য প্রকাশে সম্মত আছেন। (পৃষ্ঠা 2, সেকশন II.C দেখুন)
- আইন দ্বারা সংরক্ষিত ইংরেজি ভাষা শিক্ষার্থীর ("ইএলএল") পিতামাতার আসনে কোন মনোনয়ন প্রার্থী আগ্রহী হলে, তাকে প্রমাণ করতে হবে যে, তিনি একজন ইএলএল শিক্ষার্থীর পিতামাতা এবং সেসম্পর্কিত তথ্য প্রকাশে তাকে অবশ্যই সম্মত হতে হবে। (পৃষ্ঠা 2, সেকশন II.D দেখুন)
- নির্বাচন প্রক্রিয়ায় নিচে উল্লিখিত পরিবর্তনসমূহ আনা হয়েছে: এই প্রক্রিয়া থেকে অ্যাডভাইজরি ভোট তুলে দেয়া হয়েছে, এবং প্রেসিডেন্টস্ কাউন্সিলগুলো সংশ্লিষ্টতা বাড়াতে মনোনয়ন প্রার্থীদের ফোরাম পরিচালনার পদ্ধতিও হালনাগাদ করা হয়েছে। (পৃষ্ঠা 3, সেকশন IV দেখুন)
- নির্বাচনের নিয়মে নিম্নোল্লিখিত পরিবর্তনসমূহ আনা হয়েছে: (1) ৭ জন মনোনয়ন প্রার্থী যারা সর্বোচ্চ সংখ্যক ভোট পেয়েছেন তারা শর্ত সাপেক্ষে নির্বাচিত বলে গণ্য হবেন, এছাড়া সিইসিতে কোন স্কুলের একজনের বেশি প্রতিনিধি থাকতে পারবে না; (2) আইইপি এবং ইএলএল পিতামাতাদের মধ্যে যারা সর্বোচ্চ ভোট পেয়েছেন তারা শর্ত সাপেক্ষে নির্বাচিত বিবেচিত হবেন, যদি না তারা একই স্কুলের অধিক সংখ্যক ভোট পাওয়া আইপি এবং ইএলএল পিতামাতা দ্বারা অপসারিত না হন; (3) একজন মনোনয়ন প্রার্থী যিনি উভয় আইইপি এবং ইএলএল পিতামাতা তিনি একজন আইইপি পিতামাতা অথবা ইএলএল পিতামাতার সংরক্ষিত আসন পূরণ করতে পারেন, কিন্তু উভয়টি নয়; এবং (4) একই স্কুল থেকে একাধিক প্রার্থীর নির্বাচন নিষেধাজ্ঞা প্রযোজ্য হবে না যদি নির্বাচিতের সংখ্যা নয়জনের কম হয়, অথবা আইইপি অথবা ইএলএল পিতামাতা সিইসিতে না থাকে। (পৃষ্ঠা 3-4, সেকশন V.A.4 দেখুন)
- একই স্কুল থেকে একাধিক প্রার্থী নির্বাচন নিষেধ থাকার কারণে এক বা একাধিক আসন অপূর্ণ থাকলে এবং রানঅফ প্রয়োজন হলে সকল মনোনয়ন প্রার্থী যারা এখনও নির্বাচিত হননি এবং যাদের সন্তানেরা সিইসির প্রতিনিধিত্ব আছে এমন স্কুলে পড়ছে না তারা রানঅফের জন্য যোগ্য বিবেচিত হবেন। (পৃষ্ঠা 4, সেকশন V.A.5.c দেখুন)

- এই প্রবিধানের শর্ত অনুযায়ী প্রার্থীদেরকে গ্রুপভুক্ত করে, একাধিক রানঅফ প্রয়োজন হলে, ভিন্ন ভিন্ন ভাগে একই সময়ে রানঅফ পরিচালিত হবে। (পৃষ্ঠা 4, সেকশন V.A.5.e দেখুন)
- সিইসি-এর বরো প্রেসিডেন্টের পদে পরিষেবাদানে আগ্রহী মনোনয়ন্ প্রার্থীগণকে অবশ্যই বরো প্রেসিডেন্টের অফিসে আবেদনপত্র জমা দিতে হবে। (পৃষ্ঠা 4, সেকশন V.B দেখুন)
- সিইসির বিভিন্ন পদ পূরণে আগ্রহী ব্যক্তিবর্গকে অবশ্যই আবেদনপত্র জমা দিতে হবে, যা যথাযথ সিইসি থেকে অথবা ডিভিশন অব ফ্যামিলি অ্যান্ড কম্যুনিটি এনগেজমেন্টে (ফেইস) পাওয়া যাবে। (পৃষ্ঠা 6, সেকশন IX.A.2 দেখুন)
- অফিস ফর ফ্যামিলি এনগেজমেন্ট অ্যান্ড অ্যাডভোকেসির (ওফিয়া) সকল রেফারেন্স পরিবর্তন করে ডিভিশিন অব ফ্যামিলি অ্যান্ডয কম্যুনিটি এনগেজমেন্ট (ফেইস) করা হয়েছে।